# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।

**আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ।**

ফোনঃ ০২-২২৩৩৫৬৬৫৩

Email: dgmictsystem@krishibank.org.bd


মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

পত্র নং- প্রকা/আইসিটি(সিস্টেমস্)/গাইডলাইনস/১৩(১)/২০২৩-২০২৪/১৫৮ তারিখ ঃ ০৭.০৮.২০২৩ ইং

উপ-মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
স্থানীয় মুখ্য কার্যালয়/ সকল কর্পোরেট শাখা
ও
ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
সকল শাখা।

বিষয় ঃ **ব্যাংক-আর্থিক প্রতিষ্ঠানে সাইবার হামলার হুমকি বিষয়ে সতর্কতা অবলম্বন প্রসংগে।**

প্রিয় মহোদয়,

শীর্ষোক্ত বিষয়ে ডাক টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের (বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর BGD e-GOV CIRT) গত ০৪/০৮/২০২৩ তারিখের কম্পিউটার ইনসিডেন্ট রেসপন্স টিমের বিজ্ঞপ্তির মাধ্যমে জানা যায় সাইবার হামলায় রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো (সিআইআই), ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, স্বাস্থ্যসেবা এবং সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের কার্যক্রম ব্যাহত হতে পারে। দেশের ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও অন্যান্য প্রতিষ্ঠান আগামী ১৫ আগস্ট সাইবার হামলার শিকার হতে পারে বলে বাংলাদেশ সরকারের কম্পিউটার ইনসিডেন্ট রেসপন্স টিম (BGD e-GOV CIRT) সতর্কতা জারি করেছে; বিষয়টি বাংলাদেশ ব্যাংক কর্তৃক অত্র ব্যাংককে অবহিত করা হয়েছে। এধরণের সাইবার হুমকি ব্যাংকসহ যেকোন আর্থিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে মারত্মক হুমকি স্বরুপ। সাইবার হামলাসহ যে কোন ধরণের অনাকাঙ্খিত ঘটনা হতে নিরাপদ থাকার জন্য আমাদের অনতিবিলম্বে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহন করা আবশ্যক।

০২। ব্যাংক-আর্থিক প্রতিষ্ঠানে সম্ভাব্য সাইবার আক্রমনের ঝুঁকি মোকাবেলায় তথ্য প্রযুক্তি ব্যবস্থার নিরাপত্তা বৃদ্ধিকল্পে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে নির্দেশনা প্রদান করা হলো ঃ

- ইন্টারনেট ব্যবহারের ক্ষেত্রে সর্বোচ্চ সর্তকতা এবং সচেতনতা অবলম্বন করতে হবে।
- ব্যাংকিং সফটওয়্যার কার্যক্রমে ব্যবহৃত কম্পিউটারসমূহ এবং ইন্টারনেট ব্রাউজিং/রেমিট্যান্স কাজে ব্যবহৃত কম্পিউটার আবশ্যিকভাবে Physically আলাদা করতে হবে। কোনক্রমেই ব্যাংকিং সফটওয়্যার (Core Banking Solution (CBS), RTGS etc) ব্যবহৃত কম্পিউটারে ইন্টারনেট ব্যবহার করা যাবে না। এছাড়া উক্ত কম্পিউটারহসমূহে কোন প্রকার USB Device ব্যবহার করা যাবে না।
- ১৪/০৮/২০২৩ তারিখে আবশ্যিকভাবে বিকাল ৫.০০ঘটিকার মধ্যে শাখার Day-End সম্পন্ন করতে হবে। পাশাপাশি কর্তৃপক্ষীয় অনুমোদন ব্যতীত ১৫/০৮/২০২৩ তারিখে শাখা/কার্যালয়ের কম্পিউটার চালু করা যাবে না।
- ১৬/০৮/২০২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকার পূর্বে কোনক্রমেই শাখার কম্পিউটার চালু করা যাবে না।
- বাংলাদেশ কৃষি ব্যাংকের নামে কোন ই-মেইল আসলে কেবলমাত্র Display Name এর উপর ভিত্তি না করে কৃষি ব্যাংকের নিজস্ব Domain Name (krishibank.org.bd) ও Domain Name এর Spelling এর বিষয়ে নিশ্চিত হতে হবে। www.krishibank.org.bd জোন বর্হিভুত কোন ই-মেইলে Password পরিবর্তন, Storage/Space বৃদ্ধি, unlock e-mail account/ it will be permanently disabled/ click here renew your account ইত্যাদি সম্পর্কিত লিংক সমূহ Open বা Click করা বা Attachment Download করা যাবে না। এছাড়াও Unauthorized Link Open বা Click করা যাবে না।
- দৈনন্দিন ব্যাংকিং অপারেশন কার্যক্রম সম্পন্ন শেষে আবশ্যিকভাবে শাখার সকল কম্পিউটার বন্ধ রাখতে হবে।
- ব্যক্তিগত Laptop, TAB, PDA, Mobile Phone, Modem, Pen Drive অথবা যে কোন ধরনের External Device শাখা/কার্যালয় এর কম্পিউটার বা নেটওয়ার্কে সংযুক্ত করে ব্যাংকের ইন্টারনেট ব্যবহার করা যাবে না।
- ই-মেইল একাউন্ট, ব্যাংকিং অপারেশন সফটওয়্যার, রেমিট্যান্স ইত্যাদিসহ অন্যান্য সকল সিস্টেম/এপ্লিকেশন ব্যবহারকারী ইউজারগণ নিজ দায়িত্বে পাসওয়ার্ড সংরক্ষণ করবেন এবং কোন অবস্থায় পাসওয়ার্ড শেয়ার করা যাবে না।
- BACH, BEFTN, RTGS, SWIFT, CBS, Debit Card, ATM অপারেশন পরিচালনার সময় যথাযথ সাবধানতা অবলম্বন করতে হবে। এ ক্ষেত্রে সকল নীতিমালা ও গাইডলাইন অনুসরণ করতে হবে। সকল Server, Networking Devices, Computer এবং অন্যান্য সকল হার্ডওয়্যারসমূহ তথ্য প্রযুক্তি ব্যবহার নীতিমালা অনুযায়ী ব্যবহার করতে হবে।

০৩। সাইবার নিরাপত্তা ও লেনদেন ঝুঁকি সম্পর্কে নিজস্ব সকল কর্মকর্তা-কর্মচারীকে সচেতন ও প্রশিক্ষিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত " Guidelines on ICT Security for Banks and Non Financial Institutions, 2023 " বিষয়ক পলিসি ও বিভিন্ন পিএসডি সার্কুলারসমূহ এবং বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক জারিকৃত "ICT Security Policy" ও সময়ে সময়ে জারিকৃত আইসিটি পরিপত্র/পত্রসহ অন্যান্য নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে।

০৪। আইসিটি সিকিউরিটি সংক্রান্ত নীতিমালা পরিপালন না করার ফলে ব্যাংকিং অপারেশন কার্যক্রমে কোনো ধরনের অনাকাঙ্খিত পরিস্থিতির সৃষ্টি হয় তাঁর দায়দায়িত্ব অত্র বিভাগ বহন করিবে না। বিষয়াদি সর্বাধিক গুরুত্ব সহকারে বিবেচনা করতঃ পরিপালন করার জন্য নির্দেশ প্রদান করা হলো। শাখা ব্যবস্থাপকগণ-কে সাইবার হুমকির বিষয়ে শাখার প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীদের অবহিত করে নিয়ন্ত্রণকারী কার্যালয়ের মাধ্যমে স্ব স্ব বিভাগীয় কার্যালয়-কে অবগত করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

Rashid 9.8.23

(মোঃ মামুনুর রশীদ)
উপ-মহাব্যবস্থাপক

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ঃ**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, স্থানীয় মুখ্য কার্যালয় ও সকল বিভাগীয় কার্যালয় (সাইবার হুমকির বিষয়ে কর্মকর্তা-কর্মচারীদের সাথে আলোচনা এবং বিভাগীয় কার্যালয়ধীন সকল শাখার কর্মকর্তা-কর্মচারীদের অবহিত করার বিষয়টি আইসিটি মহাবিভাগ-কে অবগত করার অনুরোধসহ)।
০৪। অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, মিরপুর, ঢাকা।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
০৬। মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
০৮। নথি/ মহানথি।